# আমার অধিকার

মানুষের জন্য ফাউন্ডেশন-এর সহায়তায় কোস্ট ট্রাস্ট কর্তৃক পরিচালিত এসজিএসপি প্রকল্প কার্যক্রমের মাসিক বুলেটিন

৪র্থ বর্ষ, ৩৫ তম সংখ্যা | মে ২০১৭ খ্রিস্টাব্দ | বৈশাখ- জৈষ্ঠ্য ১৪২৪ বঙ্গাব্দ

## সিটিজেন ফোরামসমূহের অভিজ্ঞতা বিনিময় সভা

মহেশখালীর ৮টি ইউনিয়ন, একটি পৌরসভা ও উপজেলা কমিটিসহ মোট ১০টি সিটিজেন ফোরামের সদস্যরা বছরে একসাথে মিলিত হন এবং নিজেদের মধ্যে অভিজ্ঞতা বিনিময় করেন। গেল ২৬মে মহেশখালী পৌরসভাস্থ লিডারশিপ কলেজের মিলনায়তনে ২০১৭ সালের অভিজ্ঞতা বিনিময়সভার আয়োজন করা হয। সভায় সিটিজেন ফোরামের সদস্যরা নিজেদের এলাকার সমস্যাগুলো ও কাজ সম্পর্কে অন্যান্য ফোরামের সদস্যদের সাথে নিজেদের অভিজ্ঞতা বিনিময় করেন এবং নিজেরা সমৃদ্ধ হন। এলাকায় গিয়ে সমস্যাগুলো সমাধানের উদ্যোগ নেবেন বলে কথা দেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা গোলাম মাসুদ কুতুবী ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছোট মহেশখালী ও কুতুবজোম ইউনিয়ন পরিষদ সচিব প্রিয়তোষ দে।

সিটিজেন ফোরাম সদস্যদের বার্ষিক অভিজ্ঞতা বিনিময়সভার একাংশ

সামাজিক সুরক্ষা সেবার এসজিএসপি প্রজেক্টের প্রকল্প সমন্বয়কারী মকুবল আহমদ তথ্য অধিকার আইনের গুরুত্বের কথা তুলে ধরেন এবং গত তিন বছর ধরে বিভিন্ন ইউনিয়নে সমাজের সচেতনতার বিষয়ে কাজ করায় সিটিজেন ফোরামের সদস্যবৃন্দকে কোস্ট ট্রাস্টের পক্ষ থেকে ধন্যবাদ জানান।

সভায় বক্তব্য রাখছেন উপজেলা সমবায় কর্মকর্তা গোলাম মাসুদ কুতুবী

অনুষ্ঠানের বিশেষ অতিথি'র বক্তব্যে প্রিয়তোষ দে বলেন, এসজিএসপি প্রকল্পের মাধ্যমে 'সামাজিক সুরক্ষা সেবার বিষয়গুলো মানুষ সহজেই জানতে পারছে এজন্য এই প্রকল্পের পরিসর বাড়ানোর দাবি জানান। এছাড়া, প্রধান অতিথির বক্তব্যে জি এম মাসুদ কুতুবী বলেন, সামাজিক সুরক্ষা বাস্তবায়নের ক্ষেত্রে এলাকার লোকদের সচেতন করার পাশাপাশি সুবিধাভোগী এবং অভিযোগকারীদের কাছ থেকে অভিযোগ সংগ্রহ করার ক্ষেত্রে এসজিএসপি প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

## উপবৃত্তি নীতিমালা বিষয়ে শিক্ষক-অভিভাবক সমাবেশ

সামাজিক সুরক্ষার সেবার বিষয়ে কোস্ট ট্রাস্টের এসজিএসপি-প্রকল্পের আওতায় মহেশখালী'র বিভিন্ন ইউনিয়নের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক-অভিভাবক ও এসএমসি কমিটির সদস্য নিয়ে অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়। অভিভাবক সমাবেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তির নীতিমালা বিষয়ে ধারণা দেয়া হয়। শিক্ষা থেকে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীরা যেন ঝরে না পড়ে এবং শিক্ষার্থীদের নিয়মিত বিদ্যালয়ে আসতে উৎসাহী করতে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি দিচ্ছে সরকার। উপবৃত্তির বিষয়ে সরকারের এসব লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে অভিভাবক সমাবেশে জানানো হয়।

নতুনবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশের একাংশ

এসব সমাবেশে অভিভাবক ও এসএমসি কমিটির সদস্যবৃন্দ উপস্তিত থাকেন এবং উপবৃত্তির নীতিমালা বিষয়ে নিজেদের ভূমিকার কথা তুলে ধরেন। অভিভাবক সমাবেশে শিক্ষার্থী ও অভিভাবকরা বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং সমাধানের বিষয়ে ধারণা লাভ করেন। এর ফলে শিক্ষার্থী ও অভিভাবকরা সচেতন হচ্ছেন এবং সন্তানদের প্রতি মনোযোগী হচ্ছেন। এমাসে মহেশখালীর ইউনিয়নগুলোতে ১২টি অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়।

## সামাজিক সুরক্ষা নীতিমালা বিষয়ে সামাজিক নিরীক্ষা

সামাজিক সুরক্ষা সেবার আওতায় মহেশখালীর বিভিন্ন ইউনিয়ন ওয়ার্ডে/মহল্লায় সামাজিক নীরিক্ষা অনুষ্ঠিত হয়। সামাজিক নীরিক্ষায়, সুরক্ষা সেবা বিষয়ের- বয়স্কভাতা, ভিজিডি, ইজিপিপি, প্রতিবন্ধীভাতা, বিধবাভাতাসহ ৫টি সেবা বিষয়ে সামাজিক নীরিক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত সামাজিক নীরিক্ষায় বিভিন্ন সেবা ভোগীদের কাছ থেকে চেকলিস্টের মাধ্যমে বিভিন্ন অভাব-অভিযোগ বিষয়ে তথ্য-উপাত্ত নেয়া হয় এবং সামাজিক নীরিক্ষার চলমান সেবা সমূহের বিভিন্ন সমস্যা চিহ্নিত করা হয়।

সামাজিক নিরীক্ষার জন্য এফজিডি।স্থান: বড়মহেশখালী'র সাতঘরিয়াপাড়া

এসব সামাজিক নীরিক্ষার মাধ্যমে মূলত মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত তুলে আনা হয় এবং সমস্যাগুলো সমাধানের উপায় খোজে। স্থানীয় সিটিজেন

ফোরামের সদস্যদের সহায়তায় নীরিক্ষা'র আয়োজন করা হয়। মে মাসে বিভিন্ন ইউনিয়নের ওয়ার্ডগুলোতে ৩০টি সামাজিক নীরিক্ষা সম্পন্ন হয়।

## সামাজিক সুরক্ষাসেবা বিষয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত

সামাজিক সুরক্ষা সেবা বিষয়ে এসজিএসপি প্রকল্পের বিভিন্ন প্রোগ্রামের মধ্যে উঠান বৈঠক অন্যতম। সামাজিক সুরক্ষা সেবা কি, সেবা গুলো'র আওতা কি, সুরক্ষা সেবার উদ্দেশ্য এবং সেবা পাবার যোগ্যতার মাপকাঠি সম্পর্কে সবাইকে ধারণা দেয়া হয়। উঠান বৈঠকে পুরনো সদস্যদের সাথে সাথে নতুন উপস্থিত সদস্যরা ও যেন পূর্ণাঙ্গ ধারণা পান এজন্য প্রোগ্রাম অফিসার ও ইউনিয়ন ফ্যাসিলিটেটরগণ বিস্তারিত ধারণা দেন।

কুতুবজোম ইউনিয়নের মেহেদিয়াপাড়া উঠানবৈঠক

প্রান্তিক পর্যায়ের মানুষদের মধ্যে সামাজিক সুরক্ষা সেবার আওতায় সচেতনতা বাড়াতে ১০টি সামাজিক সুরক্ষা সেবা'র বিষয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। সামাজিক সুরক্ষাসেবা'র বিষয়ে দরিদ্র মানুষসহ সকল পেশার মানুষদেরকে সচেতন করার চেষ্টা করা হয়। সিটিজেন ফোরামের সদস্যের সহযোগিতা নিয়ে প্রকল্পের ইউনিয়ন ফ্যাসিলিটেটরগণ উঠান বৈঠকের আয়োজন করে থাকেন। উঠান বৈঠক অনুষ্ঠানে সুরক্ষা সেবার বিভিন্ন অনিয়মের অভিযোগ জানানোর নিয়ম সর্ম্পকে তুলে ধরা হয় এবং সমাধান সর্ম্পকে তাদের ধারণা দেয়া হয়। তাদের কাছ থেকে বিভিন্ন সমস্যা সম্পর্কে জানতে চাওয়া হয়। গত মে মাসে ইউনিয়নগুলোতে এবিষয়ে ১০টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

## উপজেলা সিটিজেন ফোরামের মাসিক সভা

২৪মে ২০১৭ তারিখে এসজিএসপি-প্রকল্প বাস্তবায়ন অফিসে উপজেলা সিটিজেন ফোরামের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সিটিজেন ফোরামের সদস্য বাবু আশীষ চক্রবর্তী। সভায় সিটিজেন ফোরামের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিভিন্ন আলোচনার মধ্যে উল্লেখযোগ্য আলোচনা ছিল- সিটিজেন ফোরামের বার্ষিক অভিকজ্ঞতা বিনিময় সভা, জেলা সিটিজেন ফোরামের সভা, উপজেলা ও জেলা সংলাপ, উপজেলা অভিযোগ কমিটির সভা, সিটিজেন ফোরামের স্থায়ীত্বকরণ ইত্যাদি।

প্রকল্প অফিসে উপজেলা সিটিজেন ফোরামের মাসিক সভা

অভিযোগ ব্যবস্থাপনা কমিটির মোবাইল ও সিমকার্ড ব্যবহার। এছাড়া, প্রকল্পের মেয়াদ শেষ হবার পর সিটিজেন ফোরামের নিয়মিত কার্যকরণ কিভাবে পরিচালিত হবে এবং আশু সমাধানের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, মোবাইলের ব্যবহার এবং ব্যবস্থাপনা'র বিষয়ে ও আলোচনা হয়। তবে, এমজেএফ কর্তৃক আর্থিক সহায়তা না থাকলে কিভাবে পরিচালিত হবে এবং আর্থিক ব্যবস্থাপনা'র বিষয়ে ও আলোচনা করা হয়।

## সামাজিক সুরক্ষা সেবা বিষয়ক ইউনিয়ন পর্যায়ে সংলাপ

ইউনিয়ন পর্যায়ে সামাজিক নীরিক্ষায় প্রাপ্ত অভিযোগের বিষয়ে সংলাপ অনুষ্ঠিত হয়। সংলাপে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউপি সদস্য, ইউনিয়ন সচিব এবং সিটিজেন ফোরামের সদস্যবর্গ ও বিভিন্ন ভাতাভোগী ও উপকারভোগীগণ উপস্থিত থাকেন।

বড়মহেশখালী ইউনিয়ন পরিষদে সামাজিক সুরক্ষা বিষয়ে সংলাপ সভা

সংলাপে সরকারি সামাজিক সুরক্ষা সেবার পরিবর্তিত নীতিমালা ও নীতিমালার ধরণ এবং ভাতা পাবার যোগ্যতাগুলো সবার সামনে তুলে ধরেন। এছাড়া ভিজিডি, বয়স্কভাতা, বিধবা ভাতা, অতিদরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচি ও প্রতিবন্ধীভাতা প্রদানের উপর সামাজিক সুরক্ষা সেবার স্বচ্ছতা ও জবাবদিহিতা উন্নয়নের লক্ষ্যে এই সংলাপ অনুষ্ঠিত হয়। মে মাসে বিভিন্ন ইউনিয়নে ২৪টি সংলাপ অনুষ্ঠিত হয়।

## ইউনিয়ন পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন

ওয়ার্ড পর্যায়ের জনগণকে সামাজিক সুরক্ষার বিভিন্ন নীতিমালা ও জনগণের অধিকার সম্পর্কে সচেতন করতে বিভিন্ন জনবহুল বাজারে বিকেল বেলা সাংস্কৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়। সিটিজেন ফোরামের সদস্যেদের সহযোগিতায় একটি সাংস্কৃতিক দলের মাধ্যমে স্থানীয় জনগণকে আকৃষ্ট করতে এই সাস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

সামাজিক সুরক্ষা বিষয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান স্থান: মাতারবাড়ি ইউনিয়ন পরিষদ

শিল্পীরা সামাজিক সুরক্ষার বিভিন্ন বিষয় নিয়ে আঞ্চলিক ভাষায় বিভিন্ন গান রচনা করেন এবং সবার সামনে তা মনোরমভাবে উপস্থাপন করেন। এসব বিষয়ে সবার সামনে মনোযোগ আকর্ষণের জন্য আঞ্চলিক গানসহ বিভিন্ন ধরণের জারিগানের মাধ্যমে সুরক্ষাসেবার বিষয়বস্তু তুলে ধরা হয়। এসব বিষয়ে স্থানীয় জনগণ সহজেই বিষয়গুলো বুঝতে পারেন এবং এসব বিষয় নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করেন। সামাজিক সুরক্ষার মানদণ্ড, যোগ্যতা, সমস্যাসহ বিভিন্ন পরামর্শ থাকে গানগুলোতে। মার্চ মাসে ইউনিয়ন পর্যায়ে ৫টি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এসজিএসপি প্রকল্পের মাসিক প্রকাশনা। কোস্ট ট্রাস্ট মানুষের জন্য ফাউন্ডেশন ও ডিএফআইডি-র আর্থিক সহায়তায় এসজিএসপি প্রকল্প বাস্তবায়ন করছে।
মোবাইল নং: ০১৭১৩ ৩২ ৮৮ ২৮
e-mail: moqbul.coast@gmail.com